

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৮ সেপ্টেম্বর ২০১৪/ ০৩ আশ্বিন ১৪২১

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪.১৫৪ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বিদ্যমান 'The Customs Act, 1969' এবং প্রস্তাবিত 'কাস্টমস আইন, ২০১৪'-এর খসড়া পর্যালোচনাপূর্বক খসড়াটি চূড়ান্ত করিবার নিমিত্ত নিম্নরূপভাবে একটি কমিটি গঠন করিয়াছে :

(ক) কমিটির গঠন :


- | | | | |
|-----|--------------------------------------|---|---------|
| (১) | প্রধানমন্ত্রীর মুখ্যসচিব | - | আহবায়ক |
| (২) | সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | - | সদস্য |
| (৩) | সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | - | সদস্য |
| (৪) | সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | - | সদস্য |
| (৫) | সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় | - | সদস্য |
| (৬) | সচিব, শিল্প মন্ত্রণালয় | - | সদস্য |
| (৭) | সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | - | সদস্য |

(খ) কমিটির কার্যপরিধি :

গত ১৫-০৯-২০১৪ তারিখে মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপিত 'কাস্টমস আইন, ২০১৪'-এর খসড়া বিবেচনাকালে মন্ত্রিসভা কর্তৃক প্রদত্ত পর্যবেক্ষণের আলোকে 'কাস্টমস আইন, ২০১৪'-এর খসড়া সংশোধন, পরিমার্জন ও পুনর্গঠনক্রমে চূড়ান্তকরণ।

- (গ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করিতে পারিবে।
(ঘ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।
(ঙ) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(মোঃ মোস্তাফিজুর রহমান)
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোনঃ ৯৫১১০৩৬

উপপরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায়
প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করে ২০০(দুইশত)
কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হল]